চন্দ্রনাথবাবুকে ব'ল্‌লুম্‌। তিনি ব'ল্‌লেন, "না, এখানে তা'র কাজ হবে না।"—তাকে এতো বড়ো সুযোগ থেকে বঞ্চিত করাতে ছেলে বাপের উপর খুব রাগ ক'রেচে। সে রেগে পত্নীহীন বুড়ো বাপকে একলা ফেলে রেঙ্গুনে চ'লে গেলো।

তিনি আমাকে বারবার ব'লেচেন,"দেখো নিখিল, তোমার সম্বন্ধে আমি স্বাধীন, আমার সম্বন্ধে তুমি স্বাধীন, তোমার আমার এই সম্বন্ধ। কল্যাণের সম্বন্ধকে অর্থের অনুগত ক'র্‌লে পরমার্থের অপমান করা হয়।"

এখন তিনি এখানকার এণ্ট্রেন্স স্কুলের হেড্‌মাষ্টারি করেন। এতোদিন তিনি আমাদের বাড়ীতে পর্য্যন্ত থাক্‌তেন না। এই কিছুদিন থেকে আমি প্রায় সন্ধ্যাবেলায় তাঁর বাসায় গিয়ে রাত্রি এগারোটা দুপুর পর্য্যন্ত নানাকথায় কাটিয়ে আস্‌ছিলুম্‌। বোধ হয় ভাব্‌লেন, তাঁর ছোটো ঘর এই ভাদ্রমাসের গুমটে আমার পক্ষে ক্লেশকর, সেইজন্যেই তিনি নিজে আমার এখানে আশ্রয় নিয়েচেন। আশ্চর্য্য এই, বড়ো মানুষের পরেও তাঁর গরীবের মতোই সমান দয়া, বড়ো মানুষের দুঃখকেও তিনি অবজ্ঞা ক'রেন না।

বাস্তবকে যতো একান্ত ক'রে দেখি ততোই সে আমাদের পেয়ে বসে—আভাসমাত্রে সত্যকে যখন দেখি তখনই মুক্তির হাওয়া গায়ে লাগে। বিমল আজ আমার জীবনে সেই বাস্তবকেই এতো বেঁশি তীব্র ক'রে তুলেচে যে, সত্য আমার পক্ষে আজ আচ্ছন্ন হ'বার জো হ'য়েচে। তাই বিশ্বব্রহ্মাণ্ডে কোথাও আমার দুঃখের আর সীমা খুঁজে পাচ্চিনে। তাই

